# এসএসসি পরীক্ষা ২০১৬ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

ইসলাম ও নৈতিক শিক্ষা বিষয় কোড : ১ ১ ১

সময় — ২ ঘণ্টা ১০ মিনিট সৃজনশীল প্রশ্ন মান — ৬০

*[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দাও। যে কোনো ছয়টি প্রশ্নের উত্তর দিতে হবে।]*

**১.** ▶ জামান সাহেব নিজেকে মুসলিম বলে দাবি করেন অথচ সালাত আদায় করেন না। তিনি বলেন, সালাত আদায় করতে সময় নষ্ট হয়। তার সহকর্মী বলেন, এটি অকৃতজ্ঞতার শামিল এবং এর পরিণতি ভয়াবহ।

ক. ইসলাম শব্দের অর্থ কী? ১

খ. ইমান ও ইসলাম এর সম্পর্ক বুঝিয়ে লেখ। ২

গ. জামান সাহেবের কর্মকাণ্ড কিসের শামিল? ব্যাখ্যা কর। ৩

ঘ. 'এটি অকৃতজ্ঞতার শামিল এবং এর পরিণতি ভয়াবহ' ব্যাখ্যা কর। ৪

**২.** ▶ হাসান সাহেব সরকারি অফিসে গুরুত্বপূর্ণ পদে চাকরি করেন। অবৈধভাবে অর্থ উপার্জন করার অনেক সুযোগ থাকলেও তিনি তা গ্রহণ করেননি। তিনি মনে করেন দুনিয়ার জীবন ক্ষণস্থায়ী। অপরদিকে জিহান অবৈধ পন্থায় প্রচুর অর্থ উপার্জন করে বিলাসবহুল জীবনযাপন করেন।

ক. কুরআন অর্থ কী? ১

খ. হাশর বলতে কী বুঝায়? ২

গ. জিহানের কর্মকান্ডে কোন বিশ্বাসের অভাব রয়েছে? ইসলামের দৃষ্টিতে ব্যাখ্যা কর। ৩

ঘ. হাসান সাহেব দুনিয়ার জীবনকে প্রাধান্য না দেওয়ার কারণ বিশ্লেষণ কর। ৪

**৩.** ▶ জনাব সালাম একজন শিক্ষক। তিনি একটি মিথ্যা মামলায় পড়ে আর্থিক সংকটের সম্মুখীন হন। ফলে কিছুটা বিচলিত হয়ে পড়েন। তখন তার সহকমী শামসুল আলম তাকে সুরা ইনশিরাহ এর আলোকে সান্তনা দেন। তিনি তাকে বলেন, আপনার কী মনে নাই যে আল্লাহ বলেন, নিশ্চয়ই কষ্টের পর রয়েছে স্বস্তি।

ক. সুরা ইনশিরাহ এর আয়াত সংখ্যা কতটি? ১

খ. সুরা ইনশিরাহ কোন প্রেক্ষাপটে নাযিল হয়েছে? ২

গ. উদ্দীপকে শামসুল আলমের ভূমিকা কীরূপ? ব্যাখ্যা কর। ৩

ঘ. সুরা ইনশিরাহ শিক্ষা এবং "নিশ্চয়ই কষ্টের পর রয়েছে স্বস্তি"- ব্যাখ্যা কর। ৪

http://teachingbd.com

৪. ▶ শিহাব বলল, আল্লাহর প্রতি ইমান আনলে মুমিন হওয়া যায়। এর জন্য আর কিছু করার দরকার নেই। কামাল বলল, তুমি ঠিক বললে না। কারণ ইমান আনলে মুমিন হওয়া যায় ঠিকই কিন্তু মুমিন থাকা যায় না। মুমিন থাকতে হলে শরীয়তের বিধি-বিধান মেনে চলা আবশ্যক। তাহলেই জীবন স্বার্থক ও সফল হবে।

ক. শরীয়তের পরিচয় দাও। ১

খ. মুমিন জীবনে ইসলামি শরীয়তের গুরুত্ব কী? ২

গ. একজন মুসলিমের জীবন কীভাবে সফল ও স্বার্থক হতে পারে? ৩

ঘ. ইসলামী শরীয়তের ৪টি উৎসের বর্ণনা দাও। ৪

৫. ▶ আসমা ৫ ওয়াক্ত সালাত আদায় করে কিন্তু প্রতি বছর রমজানের রোজা আদায় করে না। তার বাবা তাকে বুঝিয়ে বলেন, আসমা সাওম পালন করা প্রত্যেক মুসলিমের ওপর ফরজ। মহানবি (স) বলেছেন, "সাওম ঢালস্বরূপ" পাঁচ ওয়াক্ত সালাতের সাথে সাথে সঠিকভাবে সাওম পালন করবে।

ক. সাওম শব্দের আভিধানিক অর্থ কী? ১

খ. রমজান মাসকে সহানুভূতির মাস বলা হয় কেন? ২

গ. আসমাকে তার বাবা কীভাবে সাওম শিক্ষা দিতে পারে? ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত হাদিসটি ব্যাখ্যা কর। ৪

৬. ▶ কামাল সাহেবের একটি পাটকল আছে। সকল পর্যায়ে তার প্রচুর শ্রমিক কর্মচারী নিযুক্ত আছে। তিনি সঠিক সময় শ্রমিকদের মজুরী দেন না। এ জন্য তার যথেষ্ট অখ্যাতি ও শ্রমিকদের মাঝে অসন্তোষ রয়েছে। শ্রমিকনেতা তাকে বললেন, কামাল সাহেব আপনি শ্রমিকদের গায়ের ঘাম শুকানোর পূর্বেই তাদের পারিশ্রমিক দিয়ে দেন। এটি মহানবি (স)-এর নির্দেশ।

ক. শ্রমিককে কতবার ক্ষমা করা যেতে পারে? ১

খ. মালিক-শ্রমিক সম্পর্কের ক্ষেত্রে উমর (রা) কীরূপ ছিলেন? ব্যাখ্যা কর। ২

গ. শ্রমিক অসন্তোষ দূর করতে কামাল সাহেব কী ভূমিকা পালন করতে পারেন? ৩

ঘ. শ্রমিকদের গায়ের ঘাম শুকানোর পূর্বেই তাদের পারিশ্রমিক দিয়ে দাও। উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

Teachingbd.com

৭. ▶ আরিফ যশোর বেনাপোল সীমান্তে বসবাস করে। তার বন্ধুরা কালো বাজারি ব্যবসার সাথে জড়িত। তাকে ব্যবসায় নেওয়ার চেষ্টা করে। তারা তাকে বলে পুলিশ না দেখলে কোন সমস্যা হবে না। সে বলে কেউ না দেখলেও একজন দেখে। আল্লাহ তায়ালা ভালো মন্দ কাজের হিসাব রাখেন। বন্ধুরা আরিফের আল্লাহ ভীতি দেখে তারাও সৎপথে ব্যবসা করে।

ক. তাকওয়া কাকে বলে? ১
খ. আল্লাহর নিকট তাকওয়ার মর্যাদা সর্বাধিক কেন? ২
গ. কীভাবে আরিফের বন্ধুরা তাকওয়া অর্জন করতে পারে? ৩
ঘ. "নিশ্চয়ই আল্লাহ মুত্তাকিদের ভালোবাসেন" ব্যাখ্যা কর। ৪

৮. ▶ রমজান আলী সব সময় হালাল গ্রহণ করে এবং হারাম ত্যাগ করে। সে বিশ্বাস করে আমরা যা করি সব আল্লাহ দেখেন এবং তার নিকট আমাদের কোন কিছু গোপন থাকে না। রমজান আলী কাউকে কোন কথা দিলে তা তিনি রক্ষা করেন। কথা রাখার চেষ্টা করেন। সে এটাকে দ্বীনের অংশ মনে করেন। তিনি জানেন কথা রাখা ইমানের একটি অংগ। মহানবির বাণী যে ওয়াদা রাখে না, তার দ্বীন নেই।

ক. শালীনতা অর্থ কী? ১
খ. "সুন্দর চরিত্রই পুণ্য" ব্যাখ্যা কর। ২
গ. রমজান আলী তার কাজের মাধ্যমে কী প্রকাশ পেয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. অনুচ্ছেদে উল্লিখিত হাদিসটি বিশ্লেষণ কর। ৪

৯. ▶ শাহীন ও শরীফ দুইজন বর্তমান দেশের পরিস্থিতি নিয়ে আলোচনা করছিল। শাহীন বলল, আমাদের দেশের শাসকরা যদি ইসলামের প্রথম খলিফা কে অনুসরণ করে চলত, তবে দেশে শান্তি বিরাজ করত। সাধারণ মানুষ উপকৃত হত। শরীফ বলল, ঠিক বলেছ- মহানবি (স) প্রথম খালিফাকে "সিদ্দিক" উপাধি দিয়েছিলেন। তিনি সর্বকালের শাসকদের জন্য আদর্শ। যাকে ইসলামের ত্রাণকর্তা বলা হয়।

ক. কোন ঘটনা বিশ্বাসের জন্য হযরত আবু বকর (রা) "সিদ্দিক" উপাধিতে ভূষিত হন? ১
খ. হযরত আবু বকর (রা) এর পরিচয় বর্ণনা কর। ২
গ. হযরত আবু বকর (রা) এর জীবন থেকে একজন রাষ্ট্রনায়ক কী শিক্ষা গ্রহণ করতে পারে? ৩
ঘ. ইসলামের ত্রাণকর্তা হিসাবে হযরত আবু বকর (রা) এর ভূমিকা আলোচনা কর। ৪

Teachingbd.com

# ইসলাম ও নৈতিক শিক্ষা

## বহুনির্বাচনি অভীক্ষা

বিষয় কোড : ১ ১ ১

সময় — ৪০ মিনিট | মান — ৪০

[বিশেষ দ্রষ্টব্য: সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হইতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে।]

১. নিফাক শব্দটির অর্থ কী?
ক মিথ্যাচার | খ কৃপণতা
গ বাচাল | ঘ কপটতা

২. 'আল-কানুন ফিত তিব্ব' গ্রন্থখানি কোন্ বিষয়ের উপর রচিত?
ক রসায়ন | খ চিকিৎসা
গ গণিত | ঘ পদার্থ

৩. যে কুফরি কাজ করবে তার পরিণতি কী হবে?
ক দুনিয়াতেই শাস্তি পাবে
খ অপরের দ্বারা লাঞ্ছিত হবে
গ পরকালে শাস্তি পাবে
ঘ জাহান্নামের অধিবাসী হবে

৪. 'কুফর' শব্দের অর্থ কী?
ক প্রকাশ করা | খ ঢেকে রাখা
গ স্বীকার করা | ঘ ঘরে যাওয়া

৫. দ্বিমুখী নীতিবিশিষ্ট কারা?
ক নিন্দুক | খ মিথ্যাবাদী
গ মুনাফিকরা | ঘ ইহুদিরা

৬. জাহান্নামের স্তর কয়টি?
ক আটটি | খ সাতটি
গ দশটি | ঘ পাঁচটি

৭. হালাল খাদ্য গ্রহণ করা উচিত কেন?
ক চেহারা সুশ্রী হয়
খ ইবাদতে অধিকতর মনোযোগ আসে
গ সুস্বাস্থ্যের অধিকারী হওয়া যায়
ঘ অধিক শক্তির অধিকারী হওয়া যায়

৮. 'কিতাবুল জিবাব' গ্রন্থখানি কোন বিষয়ের উপর রচিত?
ক রসায়ন | খ গণিত
গ চিকিৎসা | ঘ পদার্থবিদ্যা

৯. ওয়াজেব ইবাদত হলো—
i. ঈদুল ফিতর ও ঈদুল আযহার নামায
ii. জানাযার নামায
iii. বিতরের নামায
নিচের কোনটি সঠিক?
ক i | খ ii
গ i ও iii | ঘ ii ও iii

১০. মানবসমাজে নিত্যনতুন বিভিন্ন সমস্যা দেখা দেয়। শরিয়তের আলেমগণ এসব সমস্যার সমাধান করেন—
i. ইজমার আলোকে
ii. কিয়াসের আলোকে
iii. কুরআনের আলোকে
নিচের কোনটি সঠিক?
ক i | খ ii
গ iii | ঘ i, ii ও iii

১১. 'হাক্কুল ইবাদ' শব্দের অর্থ কী?
ক আল্লাহর হক | খ মাতাপিতার হক
গ পীর সাহেবের হক | ঘ বান্দার হক

১২. যাকাত না দেওয়া কাদের কাজ?
ক কাফিরদের | খ মুশরিকদের
গ মুনাফিকদের | ঘ হিংসুকদের

১৩. 'নফস' মানে কী?
ক পবিত্র | খ পবিত্র আত্মা
গ কু-প্রবৃত্তি | ঘ প্রবৃত্তি

১৪. কোনটি বৃহত্তর জিহাদ?
ক কুপ্রবৃত্তির বিরুদ্ধে জিহাদ
খ কাফিরদের হত্যা করা
গ শরিয়ত ভঙ্গকারীকে হত্যা করা
ঘ মুনাফিকদের বিরুদ্ধে জিহাদ

১৫. কোন নীতিমালা অনুসরণ করলে শ্রমিক তার ন্যায্য পাওনা থেকে বঞ্চিত হবে না?
ক শ্রমনীতি | খ শ্রম আইন
গ ইসলামি নীতি | ঘ মালিক শ্রমিক নীতি

১৬. 'আল কানুন আল মাসউদি' গ্রন্থটি কোন বিষয়ের উপর রচিত?
ক তাফসির | খ গণিত
গ ভূগোল | ঘ রসায়ন

নিচের অনুচ্ছেদটি পড় এবং ১৭ ও ১৮ নং প্রশ্নের উত্তর দাও:

যাকাত আল্লাহ তায়ালা প্রদত্ত অর্থনীতির অন্যতম স্তম্ভ। যাকাতের টাকা বিভিন্ন খাতে ব্যয় করা হয়। আমাদের দেশে রাষ্ট্রীয়ভাবে যাকাত আদায় করে এর দ্বারা অনেক গরিব লোকের কর্মসংস্থান করা যেতে পারে।

১৭. ইসলামে যাকাত প্রচলনের উদ্দেশ্য কী?
ক ধনী দরিদ্রের বৈষম্য দূর করা
খ সাম্যবাদী সমাজ প্রতিষ্ঠা
গ আর্ত পীড়িতের সেবা করা
ঘ ফকির মিসকিনদের সাহায্য করা

১৮. যাকাতের হকদার—
i. এতিমখানা ও লিল্লাহ বোর্ডিং
ii. মক্তব ও মাদ্রাসা
iii. ঋণ পরিশোধে অসমর্থ লোক
নিচের কোনটি সঠিক?
ক i | খ ii
গ i ও iii | ঘ ii ও iii

১৯. আমানতের খিয়ানত করা কার চিহ্ন?
ক ফাসিকের | খ কাফিরের
গ মুনাফিকের | ঘ মিথ্যাবাদীর

২০. 'সায়িন' অর্থ কী?
ক আত্মসমর্পণকারী | খ আত্মসাৎকারী
গ আত্মরক্ষাকারী | ঘ আত্মহননকারী

২১. 'হুব্বুল ওয়াতান' মানে কী?
ক প্রকৃতিপ্রেম | খ স্বদেশপ্রেম
গ পরিচ্ছন্নতা | ঘ সরলতা

২২. 'কিতাবুল মানাযির' গ্রন্থখানি কোন বিষয়ের উপরে রচিত?
ক রসায়ন | খ গণিত
গ চিকিৎসা | ঘ দৃষ্টিবিজ্ঞান

Teachingbd.com

২৩. "হালাল উপায়ে জীবীকা অন্বেষণ করা ফরজের পর আরও একটি ফরজ।" এটি কোন হাদিস গ্রন্থ হতে সংকলিত হয়েছে?
ⓚ বুখারি ⓚ মুসলিম
(ক) বুখারি (খ) মুসলিম
(গ) বায়হাকি (ঘ) তিরমিযী

২৪. মৌলিক ও মানবীয় গুণ এবং জীবনের শ্রেষ্ঠ সম্পদ কী?
(ক) আখলাকে যামিমাহ (খ) আখলাকে হামিদাহ
(গ) উত্তম স্বভাব (ঘ) সৎ স্বভাব

নিচের অনুচ্ছেদটি পড় এবং ২৫ ও ২৬ নং প্রশ্নের উত্তর দাও:

রফিক সাহেব ও শফিক সাহেব একই অফিসে চাকরি করেন। রফিক সাহেব প্রায়ই শফিক সাহেবের আত্মসম্মানে আঘাত করে কথা বলেন।

২৫. রফিক সাহেবের আচরণে কিসের অভাব পরিলক্ষিত হয়?
(ক) ভ্রাতৃত্ববোধের (খ) সম্প্রীতির
(গ) সম্মানবোধের (ঘ) আমানতের

২৬. রফিক সাহেবের আচরণের ফলে—
i. পারস্পরিক সম্পর্ক নষ্ট হবে
ii. অফিসের কাজের পরিবেশ নষ্ট হবে
iii. মনোমালিন্য লেগে থাকবে
নিচের কোনটি সঠিক?
(ক) i (খ) ii
(গ) i ও ii (ঘ) i, ii ও iii

২৭. 'হারবুল ফিজার' শব্দের অর্থ কী?
(ক) ফিজারের যুদ্ধ (খ) অবৈধ যুদ্ধ
(গ) অন্যায় যুদ্ধ (ঘ) অসম যুদ্ধ

২৮. মুসলিম জাহানের প্রথম খলিফা কে ছিলেন?
(ক) হযরত আবু বকর (রা)
(খ) হযরত উমর (রা)
(গ) হযরত আলী (রা)
(ঘ) হযরত উসমান (রা)

২৯. হযরত উসমান (রা) কত খ্রিস্টাব্দে জন্মগ্রহণ করেন?
(ক) ৫৭৬ (খ) ৫৭৩
(গ) ৫৮৩ (ঘ) ৫৯৩

৩০. 'মাসআলা' অর্থ কী?
(ক) সমস্যার সমাধান (খ) ফতওয়া
(গ) দান (ঘ) খরচ করা

৩১. 'মুজামুল বুলদান' হলো—
(ক) ঐতিহাসিক গ্রন্থ (খ) চিকিৎসা বিষয়ক গ্রন্থ
(গ) ভূগোলশাস্ত্র (ঘ) গণিতশাস্ত্র

৩২. ইয়ামামার যুদ্ধের পর হযরত উমর (রা) উদ্বিগ্ন হয়ে পড়ার পরোক্ষ কারণ কী?
(ক) অধিক সাহাবির শাহাদাত বরণ
(খ) ইসলাম ধ্বংস হওয়ার আশঙ্কা
(গ) কুরআন বিলুপ্ত হওয়ার আশঙ্কা
(ঘ) হাফিযে কুরআনদের শাহাদাত বরণ

নিচের হাদিসের আলোকে ৩৩ ও ৩৪ নং প্রশ্নের উত্তর দাও:

"আমার এক হাতে সূর্য ও অন্য হাতে চাঁদ এনে দিলেও আমি এ সত্য প্রচার থেকে বিরত হব না।"

৩৩. ইসলামের দাওয়াত বন্ধের লক্ষ্যে কেউ উপরোক্ত একটা বড় উপহার দিতে চাইলে একজন দাওয়াত প্রদানকারীর কী করা উচিত?
(ক) দাওয়াত বন্ধ করে দিবে এবং উপহার গ্রহণ করবে
(খ) প্রথমে উপহার নিবে পরে দাওয়াত দিতে থাকবে
(গ) উপহার প্রত্যাখ্যান করে দাওয়াত অব্যাহত রাখবে
(ঘ) উপহার গ্রহণ করবে না এবং দাওয়াত অব্যাহত রাখবে না

৩৪. নিচের কোনটি একজন মুসলিমের কর্তব্য?
(ক) টাকার বিনিময়ে কাজ করে দেওয়া
(খ) প্রভাবমুক্ত এবং নিরপেক্ষভাবে কাজ করা
(গ) প্রভাবশালী ব্যক্তির ভয়ে কাজ করা
(ঘ) প্রভাবশালী ব্যক্তির অনুরোধে কাজ করা

৩৫. আলী তাবারির 'ফিরদাউস আল হিকমাহ ফিত তিব্ব' নামক চিকিৎসা বিষয়ক গ্রন্থটি—
i. চিকিৎসা শাস্ত্রের বাইবেল
ii. চিকিৎসা বিজ্ঞানের স্বর্গ
iii. চিকিৎসা শাস্ত্রের প্রথম বিশ্বকোষ
নিচের কোনটি সঠিক?
(ক) i (খ) ii
(গ) i ও iii (ঘ) ii ও iii

৩৬. 'মুজামুল বুলদান' নামক ভূগোল শাস্ত্রে প্রাধান্য পেয়েছে—
i. জাতিতাত্ত্বিক ও প্রাকৃতিক বিষয়ের বিবরণ
ii. ঐতিহাসিক ব্যক্তিদের পরিচয় ও ঘটনার বিবরণ
iii. প্রতিটি প্রাণীর ঐতিহাসিক প্রেক্ষাপট
নিচের কোনটি সঠিক?
(ক) i (খ) iii
(গ) i ও ii (ঘ) i ও iii

৩৭. হিলফুল ফুযুলের উদ্দেশ্য —
i. আর্তের সেবা করা
ii. শান্তিশৃংখলা প্রতিষ্ঠা করা
iii. দারিদ্র্য বিমোচন করা
নিচের কোনটি সঠিক?
(ক) i ও iii (খ) ii ও iii
(গ) i ও ii (ঘ) i, ii ও iii

৩৮. 'কিতাবুল জিবার' কার লেখা?
(ক) উমর খৈয়াম (খ) আলী তাবারি
(গ) ইবনে সিনা (ঘ) আবু-বকর আল রাযি

৩৯. ইমাম মালিক (রা)-এর হাদিস গ্রন্থটির নাম কী?
(ক) মুয়াত্তা (খ) মুসনাদ
(গ) মুকতাহ (ঘ) মুসকার

৪০. ক্ষুধার্ত শিশুদের কান্নার আওয়াজ শুনে নিজের কাঁধে আটার বস্তা বহন করে নিয়ে যান—
(ক) হযরত আলী (রা) (খ) হযরত উসমান (রা)
(গ) সম্রাট নাসিরউদ্দিন (ঘ) হযরত উমর (রা)

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | ক | ২ | খ | ৩ | ঘ | ৪ | খ | ৫ | গ | ৬ | খ | ৭ | খ | ৮ | খ | ৯ | গ | ১০ | খ | ১১ | ঘ | ১২ | খ | ১৩ | গ | ১৪ | ক | ১৫ | গ | ১৬ | গ | ১৭ | ক | ১৮ | ক | ১৯ | গ | ২০ | খ |
| | ২১ | খ | ২২ | ঘ | ২৩ | গ | ২৪ | খ | ২৫ | গ | ২৬ | ঘ | ২৭ | গ | ২৮ | ক | ২৯ | ক | ৩০ | ক | ৩১ | গ | ৩২ | গ | ৩৩ | গ | ৩৪ | খ | ৩৫ | গ | ৩৬ | ঘ | ৩৭ | ঘ | ৩৮ | ক | ৩৯ | ক | ৪০ | ঘ |

http://teachingbd.com